# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-04-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) জম্মু-কাশ্মীরের পহেলগাঁও-এ নৃশংস জঙ্গি হানায় কলকাতার এক পর্যটকের মৃত্যু হয়েছে। হতাহত বেশ কয়েকজন।

গোটা কাশ্মীরজুড়ে জারি উচ্চ সতর্কতা।

২) পেহেলগাঁওয়ে পর্যটকদের উপরে সন্ত্রাসবাদী হামলার পর রাজ্য সরকার সেখানে জম্মু-কাশ্মীরের বেড়াতে যাওয়া বাংলার পর্যটকদের সম্বন্ধে খোঁজ খবর শুরু করেছে।

৩) চাকরিহারা শিক্ষকদের সঙ্গে স্কুল সার্ভিস কমিশনের সমাধান সূত্র না মেলায় আজও বিক্ষোভ চলছে।

৪) রাজ্য সরকার জরুরী ভিত্তিতে সিভিক ভলান্টিয়ার নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

৫) দক্ষিণবঙ্গের কিছু জেলায় আগামী দু-দিন তাপপ্রবাহের সতর্কতা জারি।

oooooooooooooooooooo

জম্মু-কাশ্মীরের পহেলগাঁও-এ নৃশংস জঙ্গি হানায় কলকাতার এক পর্যটকের মৃত্যু হয়েছে। বৈষ্ণবঘাটা রোডের বাসিন্দা বছর ৩৬-এর বিতান অধিকারী ফ্লোরিডায় কর্মরত ছিলেন। বাড়ি এসে গত ৮-ই এপ্রিল স্ত্রী ও শিশু পুত্রকে নিয়ে কাশ্মীর বেড়াতে যান।

আগামীকাল তাদের ফেরার কথা ছিল। তার আগেই গতকাল দুপুরে জঙ্গিদের নির্বিচার গুলি চালনায় প্রাণ হারান বিতান। এই খবর পাওয়ার পরই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বিতানের স্ত্রী সোহিনীর সঙ্গে কথা বলেছেন। গতরাতেই বৈষ্ণবঘাটার বাড়িতে গিয়ে পরিবারের অন্য সদস্যদের সঙ্গে কথা বলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। মৃতের মামতো ভাই সাংবাদিকদের জানিয়েছেন, সরকারের পক্ষ থেকে দেহ ফিরিয়ে আনার যাবতীয় বন্দোবস্ত করা হচ্ছে।

(বাইট)

উল্লেখ্য, পহেলগাঁও-এ গতকালের ঘটনায় এখনও পর্যন্ত আনুষ্ঠানিকভাবে হতাহতের সংখ্যা জানানো না হলেও প্রায় ২৬ জনের প্রাণহানির খবর পাওয়া যাচ্ছে। প্রধানমন্ত্রী তাঁর সৌদি আরব সফর কাটছাঁট করে আজ সকালেই দেশে ফিরেছেন। শ্রী মোদীর নির্দেশে গতরাতেই শ্রীনগর পৌঁছন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্‌। মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লা এবং উপ-রাজ্যপাল মনোজ সিনহার সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠকের পর আজ ঘটনাস্থল পরিদর্শন করবেন তিনি। এদিকে, গোটা কাশ্মীরজুড়ে উচ্চ সতর্কতা জারি করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদে কাশ্মীরে আজ বনধের ডাক দিয়েছে স্থানীয় ব্যবসায়ী সংগঠন।

oooooooooooooooooooo

জম্মু-কাশ্মীরের পাহেলগাঁওয়ে পর্যটকদের উপরে সন্ত্রাসবাদী হামলার পর রাজ্য সরকার সেখানে বেড়াতে যাওয়া বাংলার পর্যটকদের সম্বন্ধে খোঁজ খবর শুরু করেছে। রাজ্যের তরফে জম্মু-কাশ্মীর প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। প্রয়োজনে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের পর্যটকদের নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার জন্য রাজ্যের তরফে আবেদন জানানো হয়েছে বলেও জানা গেছে।

এদিকে, এই ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি আহতদের দ্রুত আরোগ্য কামোনা করেন। এধরনের আচরণের সঙ্গে জড়িতদের অবিলম্বে শাস্তির দাবি জানান তিনি। বিভিন্ন দলের পক্ষ থেকেও ঘটনার নিন্দা জানানো হয়েছে।

সিপিআইএম-এর সাধারণ সম্পাদক এম এ বেবী এবং প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার ঘটনায় শোকব্যক্ত করে উদ্বেগ প্রকাশ করেছেন।

oooooooooooooooooooo

দুদিন কেটে গেলেও এখনো বিধাননগরের এসএসসি ভবনের সামনে ধরনা বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন চাকরিহারা শিক্ষক ওশিক্ষাকর্মীরা। সোমবার থেকে এখনো পর্যন্ত অফিসেই বন্দি হয়ে আছেন এসএসসি-র চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার সহ অন্যান্য আধিকারিকরা। অযোগ্যদের চাকরি বাতিলের দাবিতে আদালতে যাওয়ার কথা ও জানিয়েছেন চাকরিহারারা। একটি প্রতিবেদন –

(ভিসি- সুমন)

এদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু গতকাল বলেন, আইনজ্ঞদের অনুমতি পাওয়া যায়নি বলেই যোগ্য ও অযোগ্যের তালিকা প্রকাশ করা হয়নি। আন্দোলনরত চাকরিহারাদের পাশে থাকার আশ্বাস দিয়ে তিনি জানান, কাজ চালিয়ে যাওয়া শিক্ষকরা বেতন পাবেন। এছাড়াও, রাজ্য সরকাররের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার আবেদন জানানো হবে, তবে এমন কিছু করা উচিত নয়, যাতে আদালত অবমাননার অভিযোগ উঠতে পারে।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও গোটা বিষয়টি আইনিভাবে দেখা হচ্ছে। সরকারের ওপর ভরসা রাখার জন্য আবারও আবেদন জানান মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০

সিভিল সার্ভিস পরীক্ষায় বাংলার বেশকয়েকজন সর্বভারতীয় র‍্যাঙ্কে প্রথম সারিতে রয়েছেন। এদের মধ্যে ৫ জন রাজ্য সরকারের তৈরি সল্টলেকের সত্যেন্দ্রনাথ ঠাকুর সিভিল সার্ভিস স্টাডি সেন্টারে প্রশিক্ষণ নিয়েছেন। এই সাফল্যে উচ্ছ্বাস প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন, মেঘনা চক্রবর্তী, সহর্ষ কুমার, পারমিতা মালাকার, রাজদীপ ঘোষ এবং প্রবীন কুমার এই প্রতিষ্ঠানের পড়ুয়া। এই সাফল্য বাংলাকে খ্যাতির শীর্ষে নিয়ে যাবে বলেও প্রত্যয় ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, সংঘ লোকসেবা আয়োগ, UPSC গতকাল ২০২৪ সালে সিভিল সার্ভিস পরীক্ষার ফলাফল প্রকাশ করেছে। শ্রীমতি শক্তি দুবে এই পরীক্ষায় দেশের মধ্যে প্রথম স্থান দখল করেছেন। মোট এক হাজার ৯ জন প্রার্থী পরীক্ষায় সফল হয়েছেন। ২৫ জন শীর্ষ স্থানাধীকারীর মধ্যে ১১ জন মহিলা এবং ১৪ জন পুরুষ রয়েছেন। আইএএস, আইএফএস, আইপিএস এবং কেন্দ্রীয় পরিষেবার গ্রুপ এ এবং গ্রুপ বি পদে এই পরীক্ষায় সফল প্রার্থীদের নিয়োগ করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, জরুরি ভিত্তিতে সিভিক ভলান্টিয়ার নিয়োগ করতে চলেছে। এই প্রক্রিয়ায় ১০০ সিভিক ভলান্টিয়ার নিয়োগ করা হবে। স্বরাষ্ট্র দপ্তরের এই প্রস্তাবে অনুমোদন দিয়েছে অর্থ দপ্তর। আজ, মন্ত্রিসভার বৈঠকে এই প্রস্তাবে ছাড়পত্র মিলতে পারে। দিঘায় জগন্নাথ ধাম উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষেই তাঁদের নিয়োগ হবে। মূলতঃ যান চলাচল নিয়ন্ত্রণের কাজেই তাঁদের ব্যবহার করা হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অভ্যন্তরীণ জলপথ পরিবহন ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার পাঁচটি আধুনিক ফেরি টার্মিনাল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এজন্য প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে প্রায় ২২৮ কোটি টাকা। টার্মিনালগুলি চুঁচুড়া, হাওড়া, নাজিরগঞ্জ, পানিহাটি এবং মিলেনিয়াম পার্ক সংলগ্ন শিপিং ঘাটে তৈরি করা হবে। রাজ্য পরিবহন পরিকাঠামো উন্নয়ন নিগম লিমিটেড WBTIDCL এবং বিশ্বব্যাংকের অর্থ সহযোগিতায় এই টার্মিনাল গুলি তৈরি করা হবে। প্রস্তাবিত টার্মিনালগুলিতে টিকিট কাউন্টার, প্রশস্ত অপেক্ষাকক্ষ, লিফট, এস্কেলেটর, মাতৃদুগ্ধপান কক্ষ, দোকান, চার্জিং পয়েন্ট, শৌচাগার এবং ভিউয়িং গ্যালারিসহ রেস্তোরাঁ থাকবে। বিশেষভাবে সক্ষম যাত্রীদের জন্যও থাকবে উপযুক্ত ব্যবস্থা। নির্মাণকাজ চলাকালীন কোনো গাছ কাটা হবে না এবং হুগলি নদীর তীরবর্তী সবুজ পরিবেশ রক্ষা করা হবে স্হির হয়েছে। এছাড়া, গঙ্গার ডলফিন সংরক্ষণের জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মাছের প্রজননকালীন সময়ে নদী সমূদ্রে জাল ফেলার ওপর নিষেধাজ্ঞা জারি হয়েছে গত ১৫ ই এপ্রিল। চলবে ১৪ই জুন পর্যন্ত। এই ৬১ দিন জীবিকা বন্ধ থাকার সময় রাজ্য সরকার ঘোষিত আর্থিক সাহায্য এখনো চালু না হওয়ায় বিভাগিয় দপ্তরে চিঠি দিয়েছে মৎস্যজীবীদের সংগঠন। তাঁদের অভিযোগ সরকার প্রকল্প বাস্তবায়নে কোন রকম উদ্যোগ নিচ্ছে না। সংকটে মৎস্যজীবীরা।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী দু'দিন তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে। মূলত পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রার পারদ ৪০ ডিগ্রীর বেশ খানিকটা উপরে উঠতে পারে। আজ পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় তাপপ্রবাহের হলুদ সর্তকতা জারি করা হয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন। আগামীকাল পশ্চিম বর্ধমান, বীরভূম ও বাঁকুড়ায় থাকছে কমলা সতর্কতা। সঙ্গে বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায়, ঘর্মাক্ত গরম থেকে এখনই রেহাই পাওয়ার কোন সম্ভাবনা নেই ।

(বাইট – আবহাওয়া)

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা তিন ডিগ্রী বেশি।

oooooooooooooooooooooo

এদিকে, বর্তমান তপপ্রবাহজনিত পরিস্থিতি বিবেচনা করে আপাতত আইনজীবীদের কালো গাউন পরা বাধ্যতামূলক নয় বলে কলকাতা হাইকোর্ট সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যের সব আদালতের ক্ষেত্রেই এ সংক্রান্ত নির্দেশ বজায় থাকবে। প্রধান বিচারপতি ৯ জুন পর্যন্ত এ ব্যাপারে এক বিজ্ঞপ্তি জারী করেছেন।

oooooooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন যাত্রী চলাচলের লুপ লাইনে নিরাপত্তা উন্নয়নের জন্য রেলের তরফে ৫৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ইতিমধ্যেই ব্যারাকপুর, বারুইপুর জংশন, কৃষ্ণনগর সিটি জংশন, বেথুয়াডহরি সহ ১৩ টি স্টেশনে লুপ লাইনের উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। বাকি সব স্টেশনের কাজ আগামী ডিসেম্বরের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

উল্লেখ্য, শিয়ালদা বিভাগে ৬০টি স্টেশনে যাত্রী চলাচলের লুপ লাইন বিদ্যমান । এই যাত্রী চলাচলের লুপ লাইনের রক্ষণাবেক্ষণ মূলত ম্যানুয়ালি করা হতো। ট্র্যাকের গুণমান আরও উন্নত করতে বর্তমানে এই রক্ষণাবেক্ষণের কাজ মেশিনের মাধ্যমে করা হচ্ছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooo